ইত্তেফাক

015

তারিখ ... 4|8|77 ... ...
পৃষ্ঠা ... ... 8 ... ... ...

# একটি ব্যুরো সমাচার

( ইত্তেফাক রিপোর্ট )

জনশিক্ষা পরিদপ্তরের অধীন শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর ৩ জন অফিসার ও ১৬ জন কর্মচারী প্রতিমাসে বসিয়া বসিয়া বেতন গণিতেছেন।

১৯৬২ সনে ইউনেস্কো বিশেষজ্ঞদের সুপারিশক্রমে মূলতঃ শিক্ষা সংক্রান্ত তথ্য ও পরিসংখ্যানের সংরক্ষণ ও সরবরাহকারী সংস্থারূপে কাজ করার জন্য এই ব্যুরো প্রতিষ্ঠিত হয়।

গতকাল (বুধবার) শিক্ষা সংক্রান্ত কিছু পরিসংখ্যানের জন্য এই দফতরে গমন করিলে এই বিভাগের একজন কর্মকর্তা জানান যে, তাঁহাদের যে কাজ করার কথা তাহা তাঁহারা করিতেছেন না। প্রতিদিন অফিসে হাজিরা দিয়া কর্মচারীরা কে কোথায় চলিয়া যান তাহা বলাও কঠিন। কর্মকর্তাটি আরও জানান, এই বিভাগকে কাজের উপযোগী করার জন্য সরকারী প্রচেষ্টারও যথেষ্ট অভাব রহিয়াছে।

জানা গিয়াছে যে, এই সংস্থাটিকে কার্যতঃ অকেজো করিয়া রাখিয়া শিক্ষা মন্ত্রণালয়ে একই নামে উক্ত মন্ত্রণালয়ের 'এটাচড' একটি দফতর খুলিয়াছেন।